

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ইকবাল হোসেন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

সভার তারিখ : ১২/১২/২০২১খ্রিঃ

স্থান : উপজেলা শিক্ষা অফিস, মোংলা, বাগেরহাট।

সময় : বেলা ১০.০০ টা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ পরিশিষ্ট-“ক”

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে অধ্যকার সভার সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে আহ্বান জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অধ্যকার সভার সদস্য সচিব সভার বিস্তারিত কার্যক্রম শুরু করেন এবং আলোচ্য সূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা হয়ঃ-

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	সময়কাল
০১	গত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন	উপজেলা শিক্ষা অফিসার সভার শুরুতেই গত সভার কার্য বিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সিদ্ধান্তঃ- গত সভার কার্য বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে কার্য বিবরণী অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সভায় উপস্থিত সদস্যবর্গ	বর্তমান সভা চলাকালীন
০২	উপজেলা শিক্ষা অফিসের সার্বিক বিষয়ে পর্যালোচনা।	সভায় উপজেলা শিক্ষা অফিসের বিষয়ে সার্বিক পর্যালোচনা হয়। উপজেলা শিক্ষা অফিসার অফিস ভবনের জরাজীর্ণ ভবনের বিষয়ে সভাকে অবহিত করেন। এ ছাড়া উপজেলা শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম সৃষ্টিভাবে সম্পন্ন হচ্ছে। সিদ্ধান্তঃ- উপজেলা শিক্ষা অফিস ভবনটি সরেজমিনে পরিদর্শন করে উপজেলা প্রকৌশলীকে তা পরিত্যক্ত ঘোষনার উদ্যোগ নিতে অত্র সভা অনুরোধ করে।	উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী, মোংলা, বাগেরহাট।	চলমান
০৩	বিদ্যালয়ে পাঠদান প্রসঙ্গ।	সভায় উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের পাঠদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা শিক্ষা অফিসার জানান যে, গত ১২/০৯/২০২১ খ্রি: তারিখ হতে সকল প্রাথমিক বিদ্যালয় খুলেছে এবং সেখানে স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে শ্রেণি পাঠদান চলছে। পঞ্চম শ্রেণির	সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী এবং প্রাথমিক শিক্ষা দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।	চলমান

		এবং ১ম থেকে ৪র্থ শ্রেণির শিক্ষার্থীদের সপ্তাহে একদিন শ্রেণি পাঠদান চলছে। এ ছাড়া রেডিও, টেলিভিশন এবং বাগেরহাট এর স্থানীয় প্রচার মাধ্যমে ও শিক্ষার্থীদের “ঘরে বসে শিখি” পাঠদান পদ্ধতির মাধ্যমে পাঠদান অব্যাহত রয়েছে।		
০৪	স্বাস্থ্য বিধি ও পরিষ্কার পরিচ্ছন্নতা সম্পর্কে শিক্ষাদান	শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে নিয়মিত মাস্ক পরিধান ও স্বাস্থ্য বিধি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষকগণ পাঠ চলাকালীন ও পাঠশেষে বিভিন্ন প্রকার তথ্য ও উপদেশ প্রদান করে চলেছেন।	সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী এবং প্রাথমিক শিক্ষা দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।	চলমান
০৫	মা সমাবেশ, ম্যানেজিং কমিটি ও শিক্ষক অভিভাবক কমিটির সভা প্রসঙ্গে।	সভায় উপজেলা শিক্ষা অফিসারকে বিভিন্ন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভা ও শিক্ষক অভিভাবক কমিটির সভা ও মা সমাবেশ আহ্বানের জন্য শিক্ষকগণকে তাগিদ দিতে অনুরোধ করা হয়।	বিদ্যালয় ম্যানেজিং কমিটি,পিটিএ সদস্যবৃন্দ ও শিক্ষার্থীর মায়েরা।	সারাবছর
০৬	মহান বিজয় দিবস/২০২১ উদযাপন প্রসঙ্গে	সভায় সরকারি নির্দেশনা অনুযায়ী প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	শিক্ষক শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবক।	ডিসেম্বর/২০২১

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইকবাল হোসেন)

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা উন্নয়ন কমিটি
মোংলা, বাগেরহাট
ও
ভাইস চেয়ারম্যান।

স্মারক নং-

তারিখঃ / / ২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।
- ০৩। সংরক্ষণ নথি।


(সুমন্ত কুমার পোদ্দার)

উপজেলা শিক্ষা অফিসার
মোংলা, বাগেরহাট।

ও

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক শিক্ষা উন্নয়ন কমিটি।



পরিশিষ্ট-“ক”



প্রাথমিক শিক্ষা উন্নয়ন কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

সভার তারিখঃ ২২/১২/২০২১

স্থানঃ উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, মোংলা, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ ইকবাল হোসেন	ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ মোংলা, বাগেরহাট।	সভাপতি	
০২	জনাব মোল্লা মোঃ তারিকুল ইসলাম	চেয়ারম্যান চাঁদপাই, ইউনিয়ন পরিষদ মোংলা, বাগেরহাট।	সদস্য	
০৩	জনাব মোঃ ইসরাফিল হাওলাদার	চেয়ারম্যান মিঠাখালী, ইউনিয়ন পরিষদ মোংলা, বাগেরহাট।	সদস্য	
০৪	জনাব সুমন্ত কুমার পোদ্দার	উপজেলা শিক্ষা কর্মকর্তা মোংলা, বাগেরহাট।	সদস্য সচিব	